

ডেমক্রেসিওয়াচের মানবাধিকার বিষয়ক মাসিক প্রতিবেদন মে মাসে সারা দেশে খুন ১৬৫, ধর্ষণ ১৮ ও আত্মহত্যা ১৬

বেসরকারী মানবাধিকার সংস্থা ডেমক্রেসিওয়াচের মানবাধিকার সেল ১-৩১ মে পর্যন্ত দেশের জাতীয় সংবাদপত্রে প্রকাশিত দেশের আইন-শৃংখলা ও মানবাধিকার সংক্রান্ত রিপোর্টসমূহ নিয়মিতভাবে পর্যবেক্ষণ করে আসছে। ৫টি জাতীয় দৈনিক প্রথম আলো, সমকাল, কালের কণ্ঠ, ডেইলি স্টার ও নিউ এইজ এই পর্যবেক্ষণের আওতায় রয়েছে। যে সব বিষয় বা ঘটনা পর্যবেক্ষণ ও বিশ্লেষণ করা হয় তাহলো : খুন, সামাজিক সংঘর্ষ, ধর্ষণ, এসিড নিক্ষেপ, আত্মহত্যা, অপহরণ, ইভটিজিং, প্রেফতার ফাঁসি ও জরিমানা এবং সাংবাদিক নির্যাতন ইত্যাদি। এই রিপোর্টে মে ২০১০ এ সারাদেশে সংঘটিত প্রকাশিত আইন-শৃংখলা ও মানবাধিকার লংঘনের ঘটনাবলীর একটি সার-সংক্ষেপ তুলে ধরা হয়েছে।

প্রাপ্ত তথ্য:

খুন: মে মাসে সারা দেশে সন্দেশী হামলা, ডাকাতি, জমি নিয়ে বিরোধ, সম্পত্তি নিয়ে মারামারি ও দলাদলি, যৌতুক, ধর্ষণ, এসিড নিক্ষেপে খুন হয় ১৬৫ জন। এর মধ্যে পুরুষ ১০২ মহিলা ৬০ ও শিশু রয়েছে ৩ জন।

ধর্ষণ: মে মাসে সারা দেশে ১৭টি ঘটনায় ১৮ জন নারী ধর্ষনের শিকার হয়। এর মধ্যে ২ জন নারী ও ১ জন শিশু নিহত হয়। ঢাকা, ময়মনসিংহ, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, ঠাকুরগাঁও, নওগাঁ ও নাটোরে এসব ঘটনা ঘটে।

এসিড নিক্ষেপ: মে মাসে এসিড নিক্ষেপের ঘটনা ঘটে ৩টি। এসিড নিক্ষেপের ঘটনায় চট্টগ্রামে একই পরিবারের ৩ জন ও ঢাকা ও ফরিদপুরে আরো ২ জন নারী আহত হন। পূর্ব শত্রুতা, বিরোধ, প্রেমে ব্যর্থতা এসব কারণে এসিড নিক্ষেপের ঘটনা ঘটেছে বলে জানা যায়।

আত্মহত্যা : মে মাসে সারা দেশে বিভিন্ন কারণে আত্মহত্যার ঘটনা ঘটে ১৬ টি। এর মধ্যে রয়েছেন ১২ জন নারী ও ৪ জন পুরুষ। ঢাকা, গাজীপুর, পিরোজপুর, মানিকগঞ্জ ও কেরানীগঞ্জে এই ঘটনা ঘটে। দারিদ্রতা, যৌতুক, পারিবারিক দ্বন্দ্ব ও ইভটিজিং এর কারণে এই আত্মহত্যার ঘটনা ঘটেছে বলে রিপোর্টে উল্লেখ করা হয়। উল্লেখ্য এর মধ্যে ৪ জন নারীই ইভটিজিং এর কারণে আত্মহত্যা করেছে বলে রিপোর্টে জানা যায়।

যৌতুক : মে মাসে সারা দেশে যৌতুক নির্যাতনের ঘটনা ঘটে ১৬টি। এ সব ঘটনায় নিহত হন ১২ জন নারী। যৌতুকের নির্মম নির্যাতনে যারা নিহত হন তারা হলেন শেরপুরের লাইলী বেগম, সিলেটের লিজা, রংপুরের সীমা, ফরিদপুরের দুলুফা আক্তার, ব্রাহ্মনবাড়ীয়ার শাহানারা বেগম, পাবনার জোবেদা, রাজেন্দ্রপুরের শিখা, রাজশাহীর শাপলা, জয়পুরহাটের ইতি, মানিকগঞ্জের সাবিনা আক্তার। বাকী ২ জনের নাম পাওয়া যায়নি।

অপহরণ ও উদ্ধার: মে মাসে সারাদেশে ৯টি অপহরণের ঘটনা ঘটে। এর মধ্যে ৩ জন নিজে ও অন্য ২ জনকে পুলিশের সহায়তায় উদ্ধার করা হয়। বাকী ৪ জনের বিষয়ে বিস্তারিত কোন তথ্য পাওয়া যায়নি। নারায়নগঞ্জ, শরীয়তপুর, রাঙ্গামাটি, ঝালকাঠি, গাজীপুর, শেরপুর ও মাদারীপুরে এই ঘটনাগুলো ঘটে।

পুলিশী হেফাজতে মৃত্যু: মে মাসে সারাদেশে পুলিশ হেফাজতে ৩ জন নিহত হন। তারা হলেন ঢাকার শামছু মিয়া, নোয়াখালীর চাটখিলের খোকন ও চট্টগ্রামের মানিক।

তালেয়া রেহমান
নির্বাহী পরিচালক